



নম্বর ৩৭.১১.৪০৪১.৪৪২.১২.০০১.২০.৫১

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৮

০৯ মার্চ ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ২০২০-২০২১ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড ডাউনলোড, প্রিন্ট ও সরবরাহ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক এবং সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড ২০-০৩-২০২২ খ্রি. তারিখে অন-লাইনে প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে এ বোর্ডের ওয়েবসাইটে 'Our Services' প্যানেলের HSC Reg. Card-> Session 2020-21' লিংকে লগইন করে নিবন্ধন কার্ড প্রিন্ট করে নিতে হবে। নিবন্ধন কার্ড শিক্ষার্থী কর্তৃক যাচাইপূর্বক শিক্ষার্থীদের নিকট ১৫ দিনের মধ্যে সরবরাহ নিশ্চিত করতে হবে। ১৫ দিনের মধ্যে শিক্ষার্থীর কাছে নিবন্ধন কার্ড সরবরাহ না করার ফলে উদ্ভূত কোনো জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

নিবন্ধিত বিষয়সমূহ, ছবি এবং অন্যান্য তথ্য যাচাইয়ের জন্য institute panel->Student Management->Student List লিংক থেকে Twelve ক্লাস সিলেক্ট করে হালনাগাদ শিক্ষার্থীর তালিকা প্রিন্ট করে নিতে হবে। শিক্ষার্থীদের কাছে নিবন্ধন কার্ড সরবরাহের সময় শিক্ষার্থীর হালনাগাদ তথ্য যাচাই করে স্বাক্ষর নিতে হবে। এই নিবন্ধন কার্ড চূড়ান্ত নিবন্ধন কার্ড হিসেবে গণ্য হবে। এ বোর্ড থেকে কোনো নিবন্ধন কার্ড সরবরাহ করা হবে না।

২। যে সকল শিক্ষার্থী ছাড়পত্র নিয়ে অন্য কোনো বোর্ডের আওতায় ভর্তি হয়েছে তাদের নিবন্ধন কার্ডও একই লিংক থেকে প্রিন্ট করে নিয়ে তাদের সরবরাহ করতে হবে।

বি. দ্র. : ১। নিবন্ধন কার্ড প্রিন্ট করার সময় প্রিন্টার সেটিংস-এ "ব্যাকগ্রাউন্ড প্রিন্ট" অপশন সক্রিয় করে রাখতে হবে।

৯-৩-২০২২

কে এম রব্বানী

কলেজ পরিদর্শক

ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮

ইমেইল:

ic@jessoreboard.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২) উপ-কলেজ পরিদর্শক, কলেজ অনুমোদন শাখা , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৩) প্রোগ্রামার, কলেজ শাখা (কম্পিউটার) , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪) সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর